স্বাস্থ্যের ডিজিকে জাফরুল্লাহর চিঠি

অনুমোদন ছাড়াই গণস্বাস্থ্য নগর হাসপাতালে আরটিপিসিআর পরীক্ষা, ব্ল্যাড ট্রান্সফিউশন ও প্ল্যাজমা সেন্টার পরিচালনা নিয়ে স্বাস্থ্য অধিদপ্তর থেকে যোগাযোগ করার পর এ বিষয়ে সক্রিয় হয়েছেন গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি) অধ্যাপক ডা. আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলমকে চিঠি দিয়েছেন তিনি। গতকাল সোমবার গণস্বাস্থ্য কেন্দ্রের প্রেস উপদেষ্টা জাহাঙ্গীর আলম মিন্টু গণমাধ্যমকে চিঠির বিষয়টি নিশ্চিত করেন।

জাহাঙ্গীর আলম মিন্টু জানান, গণস্বাস্থ্য নগর হাসপাতালে করোনাসহ অন্যান্য রোগ নির্ণয়ে মলিকিউলার ডায়াগনস্টিক সেন্টার, আরটিপিসিআর (রিভার্স ট্রান্সক্রিপ্টজ পালিমারেজ চেইন রিয়্যাকশন) পরীক্ষা, ব্লাড ট্রান্সফিউশন ও প্লাজমা সেন্টার চালুর অনুমোদনের বিষয়ে চিঠি দেওয়া হয়েছে। চিঠিতে বলা হয়, সোমবার দুপুর ১টার দিকে পরিচালক, হাসপাতাল, স্বাস্থ্য অধিদপ্তর থেকে ফোনে গণস্বাস্থ্য নগর হাসপাতাল কর্তৃপক্ষকে বলা হয়, আপনাদের অনুমোদন নেই এবং আরটিপিসিআর পরীক্ষা, ব্লাড ট্রান্সফিউশন ও প্লাজমা সেন্টার বন্ধ করবেন। কাজ চালু রাখলে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা নেওয়া হবে। আরটিপিসিআর ফর কভিড-১৯ ও ব্লাড ট্রান্সফিউশন ও প্লাজমা সেন্টারের জন্য আলাদা অনুমতি চেয়ে চিঠি দিতে হবে।

চিঠিতে আরো উল্লেখ করা হয়, গত ১২ আগস্ট স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক বরাবরে (সংযুক্ত – ১) জিআর কভিড-১৯, আরটিপিসিআর পরীক্ষা ও প্লাজমা সেন্টার কার্যক্রম চালু করার জন্য ই-মেইলে চিঠি দেওয়া হয়। কিন্তু কোনো সাড়া না পেয়ে ৩১ আগস্ট পুনরায় চিঠি দেওয়া হয়।

গণস্বাস্থ্য নগর হাসপাতাল (নিবন্ধন কোড: HSM67316), গণস্বাস্থ্য ল্যাবরেটরি ও ডায়াগনোসটিক সেন্টার (নিবন্ধন কোড: HSM32496), গণস্বাস্থ্য ব্লাড ব্যাংক অ্যান্ড ট্রান্সফিউশন সেন্টার (নিবন্ধন কোড: HSM05039), লাইসেন্সের আবেদন আপনাদের (স্বাস্থ্য অধিদপ্তর) বিবেচনাধীন আছে। পরিচালক হাসপাতাল, স্বাস্থ্য অধিদপ্তরের বক্তব্য জনস্বার্থবিরোধী ও অবিবেচনাপ্রসূত। ওনার বক্তব্য মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী। স্বাস্থ্য অধিদপ্তরের বিভিন্ন ব্যবস্থাপনা বিষয়ক

দুর্বলতা এরই মধ্যে আমি প্রধানমন্ত্রী বরাবরে খোলা চিঠির মাধ্যমে জানিয়েছি।

স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের উদ্দেশে আরো বলা হয়, আশা করি আপনি অবগত আছেন যে, মহান মুক্তিযুদ্ধের সময়ের ‘বাংলাদেশ ফিল্ড হাসপাতাল’কে স্বাধীনতা উত্তরকালে ‘গণস্বাস্থ্য ও পুনর্বাসন কেন্দ্র’ নাম দেন বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এবং ১৯৭৪ সালে সরাসরি নির্দেশ জারি করে ওই প্রতিষ্ঠান স্থাপনের জন্য প্রায় ৩১ একর জমি হুকুম দখল করিয়ে দিয়েছিলেন।

গণস্বাস্থ্য নগর হাসপাতাল, গণস্বাস্থ্য ল্যাবরেটরি ও ডায়াগনস্টিক সেন্টার, গণস্বাস্থ্য ব্লাড ব্যাংক অ্যান্ড ট্রান্সফিউশন সেন্টার, গণস্বাস্থ্য জনহিতকর দাতব্য ট্রাস্টের অধীন সম্পূর্ণ অলাভজনক সংগঠন। বাংলাদেশে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ খাতে ব্যাপক কার্যক্রম ও সফলতার জন্য বাংলাদেশের সর্বোচ্চ জাতীয় পুরস্কার ‘স্বাধীনতা দিবস পুরস্কার’ পেয়েছে গণস্বাস্থ্য কেন্দ্র।

গত ২৪ মে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান হাসপাতাল হিসেবে দেশ তথা পৃথিবীর বর্তমান কভিড-১৯ জনিত মহামারি অবস্থায় আমরা আমাদের হাসপাতালে দেশের প্রচলিত নিয়মে দক্ষ ও অভিজ্ঞ, উন্নতমানের যন্ত্রপাতির সহায়তায় স্বল্পমূল্যে কভিড-১৯ এর জন্য আরটিপিসিআর পরীক্ষা এবং ব্লাড ট্রান্সফিউশন ও প্লাজমা সেন্টার চালু করতে ইচ্ছুক।

আশা করি, আমরা আপনার কাছ থেকে যথাযথ সহায়তা এবং দ্রুত অনুমোদন পাবো। আপনার সুবিধাজনক সময়ে আমাদের কার্যক্রম পরিদর্শন করে জনগণকে উৎসাহিত করার পাশাপাশি আমাদের অনুপ্রাণিত করার জন্য আপনার সবিনয় আবেদন জানাচ্ছি।

সূত্র- বিডি-প্রতিদিন

আগের ভাড়ায় ফিরল গণপরিবহন

করোনাকালীন বাড়ানো ৬০ শতাংশ বর্ধিত ভাড়া প্রত্যাহার করে আগের ভাড়ায় ফিরেছে গণপরিবহন ও দূরপাল্লার বাস।

আজ মঙ্গলবার থেকে করোনা পূর্ববর্তী ভাড়া আদায় করা হচ্ছে।

করোনা ভাইরাস সংক্রমণের প্রেক্ষাপটে গত ২৪ শে মার্চ থেকেই বাংলাদেশে গণপরিবহন চলাচল কার্যত বন্ধ করে দেওয়া হয়। দুই মাস পর স্বাস্থ্যবিধি মেনে চলার শর্তে গত ৩১ মে থেকে গণপরিবহন ও ট্রেন চালু করার অনুমতি দেয় সরকার। তখন বাসে অর্ধেক আসন ফাঁকা রাখার শর্তে প্রায় ৬০ শতাংশ ভাড়া বাড়ানোর অনুমতি দেয়া হয়।

তিন মাস বর্ধিত ভাড়ায় বাস-গণপরিবহন চলার পর আজ ১ সেপ্টেম্বর থেকে করোনাকালীন পূর্বের বাড়ায় বাস-গণপরিবহন চলাচল করবে।

সূত্র- বিডি-প্রতিদিন

গাংনীতে প্রাইমারি বিদ্যালয়ের মাঝে খেলাধুলা সামগ্রী বিতরণ

মেহেরপুরের গাংনীতে প্রাইমারি বিদ্যালয়ের মাঝে খেলাধুলা সামগ্রী বিতরণ করেন মেহেরপুর -২ গাংনী আসনের সংসদ সদস্য মোহা:সাহিদুজ্জামান খোকন।

আজ মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের নিজ বাসভবনে উপজেলার ৪০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের হাতে খেলাধুলার সামগ্রী তুলে দেয়া হয়। এসময় উপস্থিত ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ মোঃ ওবায়দুর রহমান।

গাংনী সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজার সঞ্চালনায় সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের

শিক্ষক দানেছূর রহমান, ভাটপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শফিকুল ইসলাম, নবীন পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুর রহমান মুক্তি সহ ৪০ টি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক সহ উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এস কে সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে সাক্ষ্য দিলেন ৩ কর্মকর্তা

ফারমার্স ব্যাংক থেকে চার কোটি টাকা ঋণ নিয়ে আত্মসাতের অভিযোগে করা মামলায় সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার (এসকে) সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে সাক্ষ্য দিয়েছেন সোনালী ব্যাংকের তিন কর্মকর্তা।

মঙ্গলবার ঢাকার বিশেষ জজ আদালত-৪ এর বিচারক শেখ নাজমুল আলমের আদালতে তারা সাক্ষ্য দেন। সাক্ষ্যগ্রহণ শেষে আদালত আগামী ৪ অক্টোবর পরবর্তী সাক্ষ্য গ্রহণের তারিখ ধার্য করেন। মামলার ১৮ সাক্ষীর মধ্যে ৭ জনের সাক্ষ্য গ্রহণ শেষ হয়েছে।

সোনালী ব্যাংকের তিন কর্মকর্তা জব্দ তালিকার সাক্ষী। তারা হলেন, সোনালী ব্যাংক সুপ্রিম কোর্ট শাখার প্রিন্সপাল অফিসার সাদিকুল ইসলাম, শাকওয়াত হোসেন মিশন ও একই শাখার সিনিয়ার অফিসার আওলাদ হোসেন।

এর আগে, গত ১৩ আগস্ট ঢাকার বিশেষ জজ আদালত-৪ এর বিচারক শেখ নাজমুল আলম সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে অভিযোগ গঠন করেন। ২০ ফেব্রুয়ারি ঢাকা মহানগর দায়রা জজ কে এম ইমরুল কায়েশ মামলাটি ঢাকার বিশেষ জজ-৪ এ বদলির আদেশ দেন।

গত ১০ ডিসেম্বর আদালতে এ চার্জশিট জমা দেন মামলার তদন্তকারী কর্মকর্তা দুদকের পরিচালক বেনজীর আহমেদ। এর আগে ৪ ডিসেম্বর

কমিশনের সভায় ১১ জনের বিরুদ্ধে অভিযোগপত্র (চার্জশিট) অনুমোদন দেয়া হয়।

মামলার আসামিদের মধ্যে ফারমার্স ব্যাংক লিমিটেডের অডিট কমিটির সাবেক চেয়ারম্যান মো. মাহবুবুল হক চিশতী (বাবুল চিশতী) কারাগারে, ফারমার্স ব্যাংকের সাবেক এমডি এ কে এম শামীম, ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট স্বপন কুমার রায়, ভাইস প্রেসিডেন্ট মো. লুৎফুল হক, সাবেক এসইভিপি গাজী সালাহউদ্দিন, টাঙ্গাইলের বাসিন্দা মো. শাহজাহান ও একই এলাকার বাসিন্দা নিরঞ্জন চন্দ্র সাহা জামিনে আছেন।

সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা, ফারমার্স ব্যাংকের ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট সাফিউদ্দিন আসকারী, রণজিৎ চন্দ্র সাহা ও তার স্ত্রী সান্ত্রী রায় পলাতক রয়েছেন। মৃত হিসেবে প্রমাণ মেলায় চার্জশিট থেকে এক আসামির নাম বাদ দেয়া হয়েছে। নতুন করে একজনের নাম অন্তর্ভুক্ত করা হয়েছে।

সূত্র- বিডি-প্রতিদিন

হোয়াটসঅ্যাপের বিকল্প প্ল্যাটফর্ম আনছে সৌদি আরব

সৌদি আরবের কিং আব্দুল আজিজ সিটি ফর সায়েন্স অ্যান্ড টেকনোলজি (কেএসিএসটি) একটি নিরাপদ জাতীয় প্ল্যাটফর্ম তৈরিতে কাজ করছে, যাতে ব্যবহারকারীরা ভার্চুয়ালি নিরাপদে যোগাযোগ রক্ষা করতে পারে।

পাশাপাশি বিভিন্ন নথি, বার্তা ও কথোপকথনের রেকর্ড স্থানান্তরে নিরাপত্তা নিশ্চিতে জনপ্রিয় অ্যাপ হোয়াটসঅ্যাপের আদলে বিকল্প বাণিজ্যিক অ্যাপ হিসেবে এটি তৈরি করা হচ্ছে।

কিং আব্দুল আজিজ সিটি ফর সায়েন্স অ্যান্ড টেকনোলজির পরিচালক বাসিল আল-ওমির জানান, এক বছরের ভেতর আমরা অ্যাপটি আনার চেষ্টা

করছি। দেশে যত অ্যাপ আছে সব বাইরের সার্ভারে যুক্ত। নিয়ন্ত্রণও করে বিদেশি প্রতিষ্ঠান। যার কারণে অনেক সমস্যা হতে পারে। আমরা যেটি তৈরি করছি তাতে নাগরিকদের কোনো বিপদ থাকবে না।

সৌদির নিজস্ব জনবল দিয়েই অ্যাপটি তৈরি করা হচ্ছে। সৌদি গণমাধ্যমে বলা হয়েছে, শুরুর দিকে বিভিন্ন কোম্পানি, প্রতিষ্ঠানের জন্য অ্যাপটি উন্মুক্ত করা হবে, যার মাধ্যমে কর্মকর্তারা নিরাপদে ফাইল পাঠানো থেকে শুরু করে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করতে পারবেন।

সূত্র- বিডি প্রতিদিন

মুজিবনগরে কর্মদক্ষতা শীর্ষক সেমিনার

মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী ইসতেহার অনুযায়ি প্রতি উপজেলা হতে প্রতি বছর গড়ে ১ হাজার জন দক্ষ কর্মী বিদেশে কর্মসংস্থানের জন্য মুজিবনগরে দক্ষতা ও সচেতন শীর্ষক প্রচার, প্রেস ব্রিফিং ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা এগারোটার দিকে মুজিবনগর উপজেলা পরিষদ মিলনয়াতনে দিনব্যাপী এ সেমিনার অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে দিনব্যাপী সেমিনারের উদ্বোধন করেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তুষার কান্তি পাল।

এ সময় অন্যদের মধ্য উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান বায়েজীদ, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে দিনব্যাপী সেমিনারে ব্রিফিং দেন মেহেরপুর কারিগরি প্রশিক্ষন কেন্দ্রের অধ্যক্ষ আরিফ হোসেন

তালুকদার।

উক্ত সেমিনারে উপজেলা পরিষদের কর্মকর্তাবৃন্দ, ইউপি সদস্যগন, শিক্ষকবৃন্দ, সাংবাদিকরা অংশ নেন।

বার্সা প্রেসিডেন্টের সঙ্গে আলোচনায় মেসির বাবা

স্প্যানিশ জায়ান্ট বার্সেলোনা সাথে ২০ বছরের সম্পর্ক ছিন্ন করতে চান লিওনেল মেসি। বার্সাকে জানিয়ে দিয়েছেন, এই ক্লাবে আর থাকবেন না। দ্রুত চুক্তি বাতিল করে নতুন ঠিকানা খুঁজতে চান আর্জেন্টাইন জাদুকর। আর সেই তালিকায় এগিয়ে আছে ম্যানচেস্টার সিটি।

এমন পরিস্থিতিতে ম্যানসিটির সঙ্গে আলোচনা শেষে এবার বার্সা প্রেসিডেন্ট বার্তেমেয়ুর সাথে বৈঠকে বসতে যাচ্ছেন লিওনেল মেসির বাবা হোর্হে মেসি। যেখানে নির্ধারণ হতে পারে মেসির ভবিষ্যত। তবে বার্সেলোনা ছাড়ার সিদ্ধান্তে মেসি অনড়। আর তাই ক্লাবটার প্রি-সিজন কার্যক্রমের অংশ হননি আর্জেন্টাইন সুপারস্টার।

নতুন মৌসুমে হাওয়া বইতে শুরু করেছে ইউরোপিয়ান ফুটবলে। কোভিড সতর্কতার হিসেবে এখন নিয়মকানুন বেশ আলাদা। প্রি-সিজন ক্যাম্পে যোগ দেয়ার আগে খেলোয়াড়দের হচ্ছে করোনা পরীক্ষা। তবে রবিবার (৩০ আগস্ট) বার্সার মেডিক্যাল টেস্ট দেননি দলের ক্যাপ্টেন লিওনেল মেসি।
ইউরোপের গণমাধ্যগুলো বলছে, বার্সা প্রেসিডেন্টের সঙ্গে বুধবার (২ সেপ্টেম্বর) আলোচনায় বসছেন মেসির বাবা হোর্হে মেসি। সহজ পথে মেসির বার্সা ছাড়ার ব্যাপারটা নিশ্চিত করার পক্ষে সিনিয়র মেসি। অন্যদিকে বার্সা প্রধানের টার্গেট, মেসিকে ধরে রাখা।

সূত্র- বিডি প্রতিদিন

পারিবারিক পুষ্টি বাগান স্থাপনে লাভবান হচ্ছে মিরপুরের কৃষকরা

কুষ্টিয়ার মিরপুর উপজেলায় বসতবাড়ির আঙ্গিনায় লাল শাক, পুঁইশাক, কলমি, বেগুন, ঢেড়শ ও করলা, মিষ্টি কুমড়াসহ বিভিন্ন সবজি শোভা পাচ্ছে। সবজিগুলো পরিবারের পুষ্টি চাহিদা মেটানোর পাশাপাশি স্থানীয় বাজারে আবার বিক্রি করে অর্থও উপার্জন করছেন কৃষকেরা। একজনের দেখাদেখি অনেক কৃষকই পারিবারিক পুষ্টি বাগান স্থাপনে আগ্রহী উঠছেন। উপজেলায় ৪১৬টি পরিবার বসতবাড়ির আঙ্গিনায় পুষ্টি বাগান স্থাপন করে লাভবান হয়েছে।

মিরপুর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সুত্রে জানা যায়, করোনা পরবর্তী সময়ে খাদ্য সঙ্কট মোকাবিলায় মিরপুর উপজেলার ১৩টি ইউনিয়নের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের বসতবাড়ির আঙ্গিনায় ৪১৬টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে।

উপজেলার বারুইপাড়া ইউনিয়নের মশান গ্রামের কৃষক জামাল উদ্দিনের পুষ্টি বাগানে গিয়ে দেখা যায় তিনি বাগান পরিচর্যায় ব্যস্ত সময় কাটাচ্ছেন। তার বাগানে প্রথম দফায় লাল শাক, পুঁইশাক, গৃমা কলমি, বেগুন ও করলার বীজ রোপন করেছেন। ইতিমধ্যেই তিনি লাল শাক ও পুঁইশাক বাগান থেকে তুলে পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি তা বিক্রি করে অর্থও উপার্জন করছেন।

কৃষক জামাল উদ্দিন জানান, গত তিন মাস আগে তার বাড়ির আঙ্গিনায় পুষ্টি বাগান স্থাপনের জন্য বাঁশের বেড়া, সার ও শ্রমিক খরচ বাবদ ১ হাজার ৯৩৫ টাকা এবং বছর ব্যাপি আবাদের জন্য ১২ ধরনের শাক সবজির বীজ প্রদান করেছে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। তারা নিয়মিত খোঁজ খবর রাখছেন এবং বিভিন্ন ধরনের সহযোগিতাও করেছেন। শাকসবজি আবাদ করে পরিবারের চাহিদা মিটিয়ে এবং কিছুটা বিক্রি করে আর্থিকভাবেও লাভবান হয়েছি।

মিরপুর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারী কৃষি

কর্মকর্তা মাহিরুল ইসলাম ও জান্নাতুল ফেরদৌস জানান, কৃষক মাত্র এক শতাংশ জমিতেই ১৪টির মতো শাকসবজি আবাদ করতে পারবেন। একটির পর একটি ফসল উঠে থাকে। এতে পরিবারের চাহিদা পুরন হওয়ার পাশাপাশি বেশি উৎপাদন হলে কিছু বিক্রি করে অর্থ উপার্জনও করে স্বচ্ছলতা আনতে পারে।

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণ করে দেশের এক ইঞ্চি জমিও অনাবাদি রাখতে চায় না কৃষি মন্ত্রণালয়। তাই বাড়ির পাশের খালি জায়গাগুলোতে ফসল উৎপাদন করতে নানা উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়া শহরের বাসাবাড়ির ছাদেও বিভিন্ন শাকসবজি উৎপাদনে উৎসাহিত করা হচ্ছে।

মিরপুর উপজেলা কৃষি কর্মকর্তা রমেশ চন্দ্র ঘোষ জানান, করোনা পরবর্তী সময়ে খাদ্য সঙ্কট মোকাবিলায় পারিবারিক কৃষিকে গুরুত্ব দিয়েছে সরকার। এজন্য বসতবাড়ির আঙ্গিনা থেকে শুরু করে বাসাবাড়ির ছাদেও নানা ধরনের শাকসবজি উৎপাদনের উদ্যোগ নেয়া হয়েছে। এতে উৎপাদিত পণ্যে পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি অতিরিক্ত হলে তা বিক্রি করে অর্থও উপার্জন করা যাবে।

মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লিংকন বিশ্বাস জানান, এই উপজেলার ১৪?৩টি ইউনিয়নে ৪১৬টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে। ইতিমধ্যেই কৃষক সুফল পেতে শুরু করেছে।

কুমারখালীতে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে মোবাইল কোর্ট অব্যাহত

কুষ্টিয়ার কুমারখালীর শহর ও শহরতলী, ব্যবসা প্রতিষ্ঠান এবং বিভিন্ন সরকারি দপ্তরে আবশ্যিক মাস্ক ব্যবহার নিশ্চিত করতে প্রতিদিন পরিচালিত হচ্ছে মোবাইল কোর্ট।

উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশে ইতোমধ্যে সকল দোকান ও সরকারি দপ্তরে “মাস্ক নাই তো বাজার নাই, কোন সরকারি সেবা নাই” নোটিশ টাঙিয়ে দেয়া হয়েছে ।

সোমবার প্রতিদিনের ন্যায় নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার রাজিবুল ইসলাম খান কুমারখালী উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে, বাজারের বিভিন্ন দোকানে এবং সড়কে মাস্ক ব্যবহার না করায় সংক্রামক রোগ নিয়ন্ত্রণ প্রতিরোধ ও নির্মূল আইন ২০১৮ অনুযায়ী ১৭টি মামলায় ১৭ জনকে ৭ হাজার টাকা জরিমানা করেন।

এ সময় কুমারখালী থানা পুলিশ, পেশকার এবং অফিসের স্টাফ মোবাইল কোর্টকে সহোযোগিতা করেন।

গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে নিম্নমানের খাবার সরবরাহের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের জন্য সরবরাহকৃত খাবারের মান নিয়ে প্রশ্ন তুলেছেন রোগী সাধারণ। ঠিকাদারদের দেয়া খাবারের মান যাচাই ও ওজন পরিমাপ করার নিয়ম থাকলেও সেটি করা হচ্ছে না। খাবারের মান ও ওজন দেখে না নেয়ার কথা স্বীকার করেছেন স্বাস্থ কমপ্লেক্সের আবাসিক মেডিক্যাল অফিসার সাদিয়া সুলতানা।

জানা গেছে, স্বাস্থ্য কমপ্লেক্সে মাঝে মধ্যে রোগাক্রান্ত পোল্ট্রি মুরগী ও পচা সিলভার কার্প মাছ সরবরাহ করা হয়। নিয়মানুযায়ি আবাসিক মেডিক্যাল অফিসার খাবারের মান যাচাই ও ওজন ঠিকভাবে দেখে নিবেন। কিন্তু আবাসিক মেডিক্যাল অফিসার তা করেন না। বাবুর্চির দেয়া তথ্য নোট করে নেন। আবার কতটুকু খাবার দেয়া হচ্ছে তা ঠিক পরিমাপ করা হয় না। ঠিকাদার যা বলেন সেটাই লিপিবদ্ধ করে বিল দেয়া হয়।

নাম না প্রকাশ করার শর্তে কয়েকজন রোগি জানান, যে খাবার দেয়া হয় তা গরীব মানুষেরা নিজ বাড়িতেও খান না। বাধ্য হয়ে অনেক রোগী বাড়ি কিংবা বাইরে থেকে খাবার কিনে আনেন।

বাবুর্চি লাইলী জানান, তিনি ঠিকাদারদের কাছ থেকে যা পান তা আরএমও সাহেবকে মোবাইল ফোনে জানিয়ে দেন। কতজন রোগীর খাবার বা কতটুকু তা ওজন দেখেন না তিনি।

এদিকে কতজন রোগী ভর্তি থাকেন আর কতজনকে কি খাবার দেয়া হবে সে বিষয়ে আবাসিক মেডিক্যাল অফিসার সাদিয়া সুলতানা জানান, কোন অফিশিয়াল তথ্য নিতে হলে তথ্য আইনে ফরম পুরুণ করে নিতে হবে। খাবারের মান যাচাই সম্পর্কে তিনি জানান, প্রতিদিন খাবার দেখে মেপে নেয়ার কোন বাধ্য বাধকতা নেই তাই বাবুর্চির দেয়া তথ্য ঠিকভাবে ধরে নেয়া হয়।

গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক জানান, করোনার কারণে হাসপাতালে যাওয়া হয়নি। বিভিন্ন প্রোগ্রামে ব্যস্ত ছিলাম। এখন গিয়ে সব দেখা হবে। কোন অনিয়ম প্রশ্রয় দেয়া হবে না।

মেহেরপুর-২ গাংনীর সাংসদ ও উপজেলা স্বাস্থ্য সেবা কমিটির সভাপতি সাহিদুজ্জামান খোকন জানান, সঙ্গত কারণেই খোঁজ খবর নেয়া হয়নি। কয়েকদিনের মধ্যেই ব্যবস্থা নেয়া হবে।